# ভূগোল

## আজকের পাঠ

## শিলা : প্রকার ও তার বৈশিষ্ট্য

## (দ্বিতীয় ভাগ )

১) রাসায়নিক ও সিলিকার পরিমাণের উপর ভিত্তি করে আগ্নেয়শিলা কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

**✓ চার ভাগে।**

**১) <u>আম্লিক শিলা</u> ( সিলিকার পরিমাণ ৬৫%) উদাহরন: গ্রানাইট।**

**২) <u>মধ্যবর্তী শিলা</u> ( সিলিকার পরিমাণ ৫৫% - ৬৫% ) উদাহরণ : ডায়োরাইট।**

**৩) <u>ক্ষারকীয় আগ্নেয়শিলা</u> ( সিলিকার পরিমাণ ৪৫% - ৫৫%) উদাহরন: ব্যাসাল্ট।**

**৪) <u>অতিক্ষারকীয় আগ্নেয়শিলা ( সিলিকার পরিমান ৪৫% এর নিচে) উদাহরন: পেরিডোটাইট।</u>**

২) আগ্নেয়শিলার বৈশিষ্টগুলো উল্লেখ করো?

**✓ ক) আগ্নেয়শিলা সাধারণত কঠিন, দৃঢ়সংবদ্ধ, কেলাসিত ও দানাযুক্ত হয়।**

**খ) এই শিলায় কোনো স্তর থাকে না।**

**গ) অন্য শিলার তুলনায় এই শিলা কঠিন হওয়ার কারনে এই শিলার ক্ষয় কম হয়।**

**ঘ) এই শিলায় জীবাশ্ম পাওয়া যায় না।**

**ঙ) এই শিলা দেখতে কিছুটা কাঁচ এর মত।**

৩) আগ্নেয়শিলা কি কি কাজে ব্যাবহৃত হয়?

**✓ রাস্তা তৈরি, স্মৃতিস্তম্ভ গঠন সৌধ নির্মান প্রভৃতি কাজে ব্যবহৃত হয়।**

৪) পলি থেকে সৃষ্ট শিলার নাম কি?

**✓ পাললিক শিলা**

৫) পাললিক শিলা কিভাবে গঠিত হয়?

**✓ বিভিন্ন প্রাকৃতিক শিলা যেমন বৃষ্টিপাত, বায়ুপ্রবাহ দ্বারা ভূপৃষ্ঠের শিলা ক্ষয়প্রাপ্ত হয়ে ছোট ছোট কনায় পরিণত হয় যাকে পলল (sediments) বলা হয়। এই পলল বায়ুপ্রবাহ, নদী ও সমুদ্রের দ্বারা পরিবাহিত হয়ে অগভীর সমুদ্রে স্তরে স্তরে জমা হয়ে এবং কালক্রমে এই পলল প্রচন্ড চাপে কঠিন হয়ে এই রকম পাললিক শিলা গঠন করে। যেমন: বেলেপাথর, কাদাপাথর ও শেল।**

৬) কোন শিলাকে স্তরীভূত শিলা বলা হয়?

**✓ পাললিক শিলা**

৭) কোন শিলাস্তরে পেট্রোলিয়াম ও খনিজ তেল পাওয়া যায়?

**✓ পাললিক শিলাস্তরে**

৮) কোন শিলায় জীবাশ্ম বর্তমান?

✓ **পাললিক শিলায়**

৯) উৎপত্তি ও গঠন অনুসারে পাললিক শিলাকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ **তিন ভাগে।**

**ক) যান্ত্রিকভাবে গঠিত পাললিক শিলা**

**খ) জৈব পদার্থ থেকে গঠিত পাললিক শিলা**

**গ) রাসায়নিক প্রক্রিয়ায় গঠিত পাললিক শিলা।**

১০) যান্ত্রিকভাবে পাললিক শিলার কয়েকটি উদাহরন দাও?

✓ **বেলেপাথর, ব্রেকসিয়া, কাদাপাথর ও শেল।**

১১) যান্ত্রিকভাবে গঠিত পাললিক শিলাকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ **তিন ভাগে।**

**ক) <u>বালিময় পাললিক শিলা</u>: উদাহরন – বেলেপাথর**

**খ) <u>প্রস্তরময় পাললিক শিলা :</u> উদাহরন – কনেগ্লামারেট এবং ব্রেকসিয়া**

**গ) <u>মৃন্ময় পাললিক</u> : উদাহরন – কাদাপাথর ও শেল।**

১২) জৈব পদার্থ থেকে গঠিত পাললিক শিলার উদাহরন দাও?

✓ **প্রবাল,চুনাপাথর, খড়িমাটি।**

১৩) রাসায়নিক ভাবে গঠিত পাললিক শিলার উদাহরন দাও?

✓ **জিপসাম ও খনিজ লবণ**

১৪) কোথায় স্ট্যালাকটাইট ও স্ট্যালাগমাইট দেখা যায়?

✓ **চুনাপাথরের গুহায়**

১৫) পললের উৎপত্তি অনুসারে পাললিক শিলাকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ **দুই ভাগে।**

**ক) সংঘাত শিলা**

**খ) অসংঘাত শিলা**

১৬) সংঘাত শিলার উদাহরন দাও?

✓ **বেলেপাথর, কাদাপাথর, টাফ্ ও ব্রেকসিয়া ও কনেগ্লামাইট।**

১৭) অসংঘাত শিলার উদাহরন দাও?

✓ **চুনাপাথর ও ডলোমাইট**

১৮) পাললিক শিলার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো?

✓ **ক) পাললিক শিলায় স্তর দেখা যায়।**

**খ) এই শিলায় জীবাশ্ম দেখা যায়।**

**গ) এই শিলা নরম ও কোমল হয়।**

**ঘ) এই শিলা দ্রুত ক্ষয়প্রাপ্ত হয়।**

**ঙ) এই শিলা কেলাসিত হয় না।**

১৯) পাললিক শিলার ব্যবহার উল্লেখ করো?

✓ **শানপাথর ও গৃহাদি নির্মানের কাজ পাললিক শিলা ব্যাবহৃত হয়।**

২০) অধিক চাপে ও তাপে আগ্নেয়শিলা ও পাললিক শিলা পরিবর্তিত হয়ে কোন শিলায় পরিনত হয়?

✓ **রুপান্তরিত শিলা।**

# সমাপ্ত

## ধন্যবাদ